দৈনিক
ইত্তেফাক

তারিখ 13 NOV 2016
পৃষ্ঠা ১৫ কলাম ৬

# গফরগাঁওয়ে শিক্ষা কর্মকর্তার বিরুদ্ধে তদন্ত শুরু

■ গফরগাঁও (ময়মনসিংহ) প্রতিনিধি

গতকাল শনিবার থেকে গফরগাঁওয়ের উপজেলা শিক্ষা কর্মকর্তা মো. আনোয়ারুল ইসলামের বিরুদ্ধে তদন্ত শুরু হয়েছে।

জানা গেছে, উপজেলা শিক্ষা কর্মকর্তা মো. আনোয়ারুল ইসলাম প্রায় পৌনে দুই বছর আগে গফরগাঁওয়ে যোগদান করার পর থেকেই বদলি বাণিজ্য, ঘুষ ও কমিশন বাণিজ্য, স্লিপ, ক্ষুদ্র ও বড় মেরামত ও সংস্কার কাজ না করেই টাকা উত্তোলন, উপবৃত্তি কার্যক্রমে অনিয়ম, শিক্ষকদের নামে ভুয়া বিল করে আত্মসাৎ, বঙ্গবন্ধু গোল্ডকাপ ও বঙ্গমাতা ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপের টাকা আত্মসাৎসহ ব্যাপক দুর্নীতিতে জড়িয়ে পড়েন এবং শিক্ষক-কর্মচারীদের সবসময় অশালিন ভাষায় গালিগালাজ করে থাকেন। এর প্রেক্ষিতে ওই শিক্ষকরা শিক্ষা কর্মকর্তার বিরুদ্ধে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক বরাবর অভিযোগ করেন। ওই অভিযোগ তদন্ত করার জন্য প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের শিক্ষা অফিসার (অডিট) মো. আব্দুল মান্নানকে দায়িত্ব দেওয়া হয়।

অভিযোগকারী ধোপাঘাট সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. হেলাল উদ্দিন, ভরভরা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জাহাঙ্গীর আলম জানান, গত শনিবার তাঁরা যখন তদন্ত কর্মকর্তার নিকট সাক্ষ্য দিতে আসে তখন তদন্ত কর্মকর্তার সামনেই বহিরাগতরা তাদের হুমকি ও গালিগালাজ করে।

উপজেলা শিক্ষা কর্মকর্তা মো. আনোয়ারুল ইসলাম বলেন, তার বিরুদ্ধে আনিত অভিযোগ সত্য নয়। তদন্তকারী কর্মকর্তা মো. আব্দুল মান্নান বলেন, হুমকি-ধামকি কিংবা পেশীশক্তি কোনো বিষয় নয়, আমি সত্যতার ভিত্তিতে তদন্ত প্রতিবেদন দেব।